

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৬৪৮

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، حَدَّتَنَا شُرَحْبِيلُ بْنُ مُدْرِكِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ نُجَيِّ، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَارَ مَعَ عَلِيٍّ، وَكَانَ صَاحِبَ مِطْهَرَتِهِ، فَلَمَّا حَاذَى نِينَوَى وَهُو مُنْطَلِقٌ إِلَى صِفِينَ، فَنَادَى عَلِيُّ: اصْبِرْ أَبَا عَبْدِ اللهِ، بِشَطِّ الْفُرَاتِ قُلْتُ: وَمَاذَا قَالَ؟، فَنَادَى عَلِيُّ: اصْبِرْ أَبَا عَبْدِ اللهِ، بِشَطِّ الْفُرَاتِ قُلْتُ: وَمَاذَا قَالَ؟، دَخَلْتُ عَلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ وَعَيْنَاهُ تَفِيضَانِ، قُلْتُ: يَا نَبِيَّ اللهِ، وَمَاثَا مُ ذَاتَ يَوْمٍ وَعَيْنَاهُ تَفِيضَانِ، قُلْتُ: يَا نَبِيَّ اللهِ، أَعْضَبَكَ أَحَدٌ، مَا شَأْنُ عَيْنَيْكَ تَفِيضَانِ؟ قَالَ: " بَلْ قَامَ مِنْ عِنْدِي جِبْرِيلُ قَبْلُ، فَحَدَّتَنِي أَعْضَبَكَ أَحَدٌ، مَا شَأْنُ عَيْنَيْكَ تَفِيضَانِ؟ قَالَ: " هَلْ لَكَ إِلَى أَنْ أُشِمَّكَ مِنْ تُرْبِيهِ؟ " قَالَ: قَالَ: " هَلْ لَكَ إِلَى أَنْ أُشِمَّكَ مِنْ تُرْبَتِهِ؟ " قَالَ: قَقَالَ: " هَلْ لَكَ إِلَى أَنْ أُشِمَّكَ مِنْ تُرْبَتِهِ؟ " قَالَ: قُلْاتُ نَعُمْ. فَمَدَّ يَدَهُ، فَقَبَضَ قَبْضَةً مِنْ تُرَابٍ فَأَعْطَانِيهَا، فَلَمْ أَمْلِكُ عَيْنَيَّ أَنْ فَاضَتَا قُلْتَ نَعُمْ. فَمَدَّ يَدَهُ، فَقَبَضَ قَبْضَ قَبْضَةً مِنْ تُرَابٍ فَأَعْطَانِيهَا، فَلَمْ أَمْلِكُ عَيْنَيَّ أَنْ فَاضَتَا

إسناده ضعيف كالذي قبله. وأخرجه البزار (884) ، وأبو يعلى (363) ، والطبراني (2811) من طريق محمد بن عبيد، بهذا الإسناد

বাংলা

৬৪৮। একদিন নুজাই আলী (রাঃ)-এর সাথে কোথাও যাচ্ছিলেন। সিফফীনে যাওয়ার পথে যখন আলী (রাঃ) নিনেভার সমান্তরালে পৌঁছলেন, তখন আলী (রাঃ) বললেনঃ হে আবু আবদুল্লাহ, ধৈর্য ধারণ কর। হে আবু আবদুল্লাহ, ফোরাতের তীরে ধৈর্য ধারণ কর। নুজাই বললেনঃ কী হয়েছে? আলী (রাঃ) বললেনঃ একদিন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে গিয়ে দেখলাম, তাঁর দু'চোখ দিয়ে অশ্রু করেছে। আমি বললামঃ হে আল্লাহর নবী, আপনার দু'চোখ বেয়ে অশ্রু ঝরছে কেন? আপনাকে কি কেউ রাগান্বিত করেছে? তিনি বললেনঃ এইমাত্র জিবরীল আমার কাছ থেকে উঠে গেলেন। তিনি আমাকে বলে গেলেন যে, হুসাইনকে ফোরাতের তীরে হত্যা করা হবে। এরপর জিবরীল বললেনঃ আপনি কি চান, ফোরাতের তীরের মাটি থেকে কিছুটা এনে আপনাকে তার ঘ্রাণ শুকাই? আমি বললামঃ হ্যাঁ। এরপর জিবরীল হাত বাড়িয়ে এক মুঠ মাটি নিলেন এবং আমাকে দিলেন। তখন আমি চোখের পানি সম্বরণ করতে পারিনি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি



পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন